বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৯

বাংলাদেশ জাতীয় সংসদ

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ----------------------------------- তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-

---------------- সনের ------------ নং আইন

বাংলাদেশের পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে সুপরিকল্পিত ট্যুর কার্যক্রম পরিচালনার জন্য ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড-এর কার্যক্রম আইনের আওতায় পরিচালনা এবং পর্যটকদের স্বার্থ সংরক্ষণের জন্য এ আইন প্রণয়ন করা হলো

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১.১ এই আইন বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

১.২ ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা -বিষয় বা প্রসংঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

২.১ “আবাসন” অর্থ নিবন্ধিত হোটেল, মোটেল, রিসোর্ট, গেস্ট হাউজ, বাংলো ইত্যাদি;
২.২ “কালচারাল গাইড অর্থ ধারা” ৫ এর অধীন নিবন্ধিত কালচারাল গাইড;
২.৩ “ট্যুর অপারেটর” অর্থ ধারা ৫ এর অধীন নিবন্ধিত ট্যুর অপারেটর;
২.৪ “ট্যুর গাইড” অর্থ ধারা ৫ এর অধীন নিবন্ধিত ট্যুর গাইড;
২.৫ “ট্রেকিং গাইড অর্থ ধারা” ৫ এর অধীন নিবন্ধিত ট্রেকিং গাইড;
২.৬ “নিবন্ধন কর্তৃপক্ষ” অর্থ ধারা ৩ এর অধীন নির্ধারিত কর্তৃপক্ষ;
২.৭ “নিবন্ধন সনদ” অর্থ ধারা ৬ এর উপ-ধারা (১) এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদ;
২.৮ “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত;
২.৯ “পরিবহন” অর্থ আকাশ, নৌ, সমুদ্র বা সড়ক পথে পরিবহন;
২.১০ “বিধি” অর্থ যে কোন আইনের অধীন প্রণীত বিধি;
২.১১ “সরকার” অর্থ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
২.১২ “ব্যক্তি” অর্থ যে কোন ব্যক্তি।

৩। নিবন্ধন কর্তৃপক্ষ –

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধন কর্তৃপক্ষ নির্ধারণ করিতে পারিবে।

৪। নিবন্ধন সনদ ব্যতীত ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড ওপর নিষেধাজ্ঞা -

ধারা ৫ এর বিধান অনুসারে নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দেশি/ বিদেশী পর্যটকদের জন্য এক বা একাধিক ভ্রমণ সেবা যেমন: আবাসন, আহার/আপ্যায়ন, পরিবহন, পর্যটন আকর্ষণ সংশ্লিষ্ট স্থান পরিদর্শন/ পরিভ্রমণসহ অন্যান্য পর্যটন সুবিধা অন্তর্ভুক্ত করিয়া দলভিত্তিক বা একক ট্যুর আয়োজন ও পরিচালনা কিংবা ট্যুর গাইড/ কালচারাল গাইড/ ট্রেকিং গাইড হিসেবে দায়িত্ব পালন করিতে পারিবেন না।

৫। নিবন্ধন সনদের জন্য আবেদন—

(১) কোন প্রতিষ্ঠান ট্যুর অপারেটর হিসেবে দেশি- বিদেশী পর্যটকদের জন্য দলভিত্তিক বা একক ট্যুর আয়োজন বা পরিচালনা করিতে চাহিলে নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে :

(ক) নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ;
(খ) মালিক/ পরিচালক/ স্বত্ত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্তকরণ;
(গ) ইটিআইএন সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্তকরণ;
(ঘ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্তকরণ;
(ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত Security Clearance Certificate সংযুক্তকরণ;
(চ) একটি অফিসসহ কমপক্ষে ০৫ জন স্থায়ী জনবল এবং
(ছ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট আবাসন, পরিবহন ও অনুরুপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তি/দলের নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে/তাহাদেরকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার/তাহাদের সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করিবেন না মর্মে হলফনামা।

(২) যেক্ষেত্রে আবেদনকারী একটি কোম্পানী সেক্ষেত্রে উহার আরটিকেলস অব এসোসিয়েশন, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন জমা দিতে হবে।

(৩) কোন ব্যক্তি ট্যুর গাইড কিংবা কালচারাল গাইড কিংবা ট্রেকিং গাইড হিসেবে দেশি-বিদেশী পর্যটকদের জন্য দলভিত্তিক বা একক ট্যুর আয়োজন ও পরিচালনা করিতে চাহিলে নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে:

(ক) নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ করা;
(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(গ) বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর হইতে হইবে;
(ঘ) শিক্ষাগত যোগ্যতা- নূন্যতম এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;
(ঙ) ইটিআইএন সনদের সত্যায়িত কপি প্রদান করিতে হইবে;
(চ) উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত Security Clearance Certificate জমা দিতে হইবে
(ছ) আবেদনকারী কোন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করিতে হইবে;

(জ) ইংরেজি ভাষাসহ অন্যান্য ভাষায় কথা বলার সামর্থ্য থাকিতে হইবে;
(ঝ) উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত শারীরিক সক্ষমতা সংক্রান্ত সনদ এবং
(ঞ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট আবাসন, পরিবহন ও অনুরুপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তি/দলের নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে/তাহাদেরকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার/তাহাদের সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করিবে না মর্মে হলফনামা।

৬। নিবন্ধন সনদ ইস্যু—

(১) ধারা ৫-এর উপ-ধারা ১ ও ৩ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে-

(ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরুপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন সনদ ইস্যু করিবে; অথবা
(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরুপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

৭। নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা ।- কোন প্রতিষ্ঠান/ব্যক্তি নিবন্ধন সনদ পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হোন;
(খ) অপ্রাপ্ত বয়স্ক হোন;
(গ) সুস্থ মস্তিস্কের অধিকারী না হোন;
(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হোন এবং উক্ত দেউলিয়াত্বের অবসান না হয়;
(ঙ) রাষ্ট্রদ্রোহিতা বা নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দন্ডিত হইয়া থাকেন এবং দন্ড ভোগের পর ২(দুই) বৎসর সময় অতিবাহিত না হইয়া থাকে।

৮। নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন -

(১) নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ৩ (তিন) বৎসর, এবং উহা নবায়নযোগ্য হইবে ।
(২) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে এবং নির্ধারিত পদ্ধতি ও ফি প্রদান সাপেক্ষে নিবন্ধন নবায়নের আবেদন করিতে হইবে।
(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে —

(ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরুপ আবেদন মঞ্জুরের ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে;

(খ) নিশ্চত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরুপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে;

(গ) নিবন্ধনের মেয়াদকাল শেষ হওয়ার ১ মাস পূর্বে নির্ধারিত ফি জমাদান পূর্বক কর্তৃপক্ষের নিকট নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

৯। নিবন্ধন সনদ হস্তান্তর ও ঠিকানা পরিবর্তনের উপর বিধি-নিষেধ।

(১) কোন ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড তাহার নিবন্ধন সনদ অন্য কোন প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পারিবে না;

(২) নিবন্ধন কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন ট্যুর অপারেটর তাহার ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন করতে পারবে না;

(৩) ট্যুর অপারেটর তাহার ব্যবসায়িক ঠিকানা পরিবর্তনের কারণ অথবা উহার সুবিধা-অসুবিধা লিপিবদ্ধ করিয়া যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে পূর্বানুমোদনের জন্য আবেদন করিবেন;

(৪) ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড তাহাদের আবাসিক ঠিকানা পরিবর্তন হলে তা নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

১০। নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল ।-

(১) নিবন্ধন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোন কারণে উপর্যুক্ত তদন্ত ও শুনানির সুযোগ প্রদান করিয়া কোন ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড -এর নিবন্ধন স্থগিত বা বাতিল করিতে পারিবে, যথা:

(ক) মিথ্যা তথ্য বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করিলে;
(খ) এই আইন, বিধি বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে;
(গ) ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড -এর জন্য নির্ধারিত আচরণ বিধির কোন বিধান লংঘন করিলে;
(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন না করিলে;
(ঙ) নিবন্ধন সনদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ ব্যক্তি কোন ফৌজদারি অপরাধে দন্ডিত হইলে।

(২) ধারা ১০ এর উপ-ধারা (১) এর অধীন ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড–এর নিবন্ধন সনদ স্থগিত করা হইলে তিনি অন্য কোন ব্যক্তির ভ্রমণের সহিত সংশ্লিষ্ট কোন কার্যক্রম করিতে পারিবে না।

১১। নিবন্ধন কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপিল -

ধারা ৬ এর উপ-ধারা (২) এর অধীন কোন নিবন্ধনের আবেদন অথবা ধারা ৮ এর উপ-ধারা (৩) এর দফা ৮(৩)(২) এর অধীন কোন নিবন্ধন নবায়নের আবেদন নামঞ্জুর করা হইলে অথবা ধারা ১০ এর অধীন নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল করা হইলে, উক্তরুপ আবেদন নামঞ্জুর, স্থগিত বা বাতিল আদেশের তারিখ

হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল করা যাইবে এবং এই ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

১২। ট্যুর অপারেটর/ ট্যুর গাইড/ কালচারাল গাইড/ট্রেকিং গাইড –এর জন্য আচরণ বিধি।–

(১) ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইড নিজে দেশের প্রচলিত সকল আইন-কানুনের প্রতি আনুগত্য থাকিবেন; পাশাপাশি ট্যুর পরিচালনাকালে পর্যটকদের দেশের প্রচলিত সকল আইন-কানুনের প্রতিপালনে সহায়তা করিবেন;

(২) পর্যটকদের প্রতি আচরণে সৎ থাকিবেন এবং সেবা সরবরাহের ক্ষেত্রে সর্বোচ্চ সেবা নিশ্চিত করিবেন;

(৩) পর্যটকদের অবৈধ পণ্য ক্রয়-বিক্রয় হইতে বিরত রাখিবেন;

(৪) দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির প্রতি শ্রদ্ধা পোষণপূর্বক পর্যটকদের নিকট তা যথাযথভাবে তুলিয়া ধরিবেন;

(৫) ট্যুর পরিচালনাকালে পরিবেশের প্রতি সচেতন থাকিবেন এবং পরিবেশ সংরক্ষণে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন;

(৬) ট্যুর পরিচালনাকালে পূর্ব প্রস্তুতকৃত ভ্রমণসূচি পর্যটকদের নিকট সরবরাহ করিবেন, ভ্রমণসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করিবেন, যদি ভ্রমণসূচিতে কোনরূপ পরিবর্তন আনয়ন করেন তা পূর্বেই পর্যটকদের অবহিত করিবেন;

(৭) পর্যটকদের সাথে আচরণে অবশ্যই সৎ, ন্যায়বান, আস্থাবান, সময়নিষ্ঠ ও কৌশলী হইবেন;

(৮) দায়িত্ব পালনকালে ট্যুর অপারেটর/ ট্যুর গাইড/কালচারাল গাইড/ট্রেকিং গাইড সংক্রান্ত নিবন্ধন সনদ প্রদর্শণ করিতে হইবে।

(৯) পর্যটকের সহিত কোন দুর্ব্যবহার কিংবা অনৈতিক আচরন বা সম্পর্ক স্থাপন করিবেন না ।

(১০) ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইডকে তার ব্যবসা পরিচালনা ও সেবা প্রদানকালে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত পরিচয়পত্র বহন ও প্রদর্শন করিতে হইবে।

(১১) ট্যুর অপারেটর, ট্যুর গাইড, কালচারাল গাইড ও ট্রেকিং গাইডের অসদাচরণ কিংবা অনৈতিক ব্যবহার ও সম্পর্কের বিষয়ে কোন ব্যক্তি বা পর্যটক অভিযোগ দাখিল করিলে উক্ত অভিযোগের তদন্ত শেষে সত্যতা প্রমাণিত হইলে নিবন্ধন বাতিলসহ প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

(১২) একজন ট্যুর অপারেটর,কালচারাল গাইড ও ট্রেকিং গাইডকে তাহার ব্যবসা পরিচালনা ও সেবা প্রদানকালে নিম্নোক্ত বিষয়গুলোকে রেকর্ড রাখিবেন:

ক.প্রত্যেক পর্যটকের নাম ও ঠিকানা

খ.পর্যটকের বুকিংয়ের তারিখ ও সময়

গ.কতজন বিদেশী পর্যটক তার ব্যবস্থাপনায় ভ্রমণ করিয়াছেন তাহার বিস্তারিত তথ্য

ঘ.দেশের অভ্যন্তরে কতটি ট্যুর পরিচালনা করিয়াছেন এবং প্রত্যেক ট্যুরে কতজন পর্যটক ছিলেন তার বিস্তারিত বিবরণ

ঙ.ট্যুর পরিচালনায় প্রত্যেক বছরে কত টাকা অর্জিত হইয়াছে তাহার বিবরণ

১৩। দন্ড।-

(ক) কোন প্রতিষ্ঠান এই আইনের কোন বিধান লংঘন করিলে, উহা ফৌজদারী অপরাধ বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত হইবেন।

(খ)ট্যুর গাইড/কালচারাল গাইড/ট্রেকিং গাইড এই আইনের কোন বিধান লংঘন করিলে, উহা অপরাধ বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত হইবেন।

১৪। বিধি প্রণয়নের ক্ষমতা -এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৫। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ—

১৫.১ এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

১৫.২ ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধ দেখা দিলে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

ফরম-১

আবেদন ফরম

(নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদ)

১	আবেদনকারীর নাম	
২	ক) পিতার নাম/স্বামীর নাম খ) মাতার নাম	
৩	ঠিকানা ক) স্থায়ী ঠিকানা খ) বর্তমান ঠিকানা	
৪	পেশা	
৫	জাতীয়তা	
৬	ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপির কপি	
৭	ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) (টিআইনএন সার্টিফিকেটেরে সত্যায়িত অনুলিপির সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে।	
৮	বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN)	
৯	ব্যবসায়িক ঠিকানা	
১০	ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ: ক) ভবনের মালিকানা খ) আয়তন (ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তি পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)	
১১	কোম্পানী হইলে, মেমোন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপির কপি	
১২	এজেন্সির নাম	
১৩	ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা কপি সংযুক্ত করিতে হইবে।	
১৪	এজেন্সির মালিকানার ধরন	
১৫	পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ	
১৬	এজেন্সির ব্যাংক হিসাবের বিবরণ: ক) ব্যাংকের নাম খ) একাউন্ট নম্বর গ) শাখার নাম	
১৭	ট্রেজারী চালানের নম্বর (মূলকপিসহ)	

১৮	নিবন্ধন সনদ নম্বর (শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে পূরণযোগ্য) নিবন্ধন সনদের কপি সংযুক্ত করিতে হইবে।	
১৯	কর্মকর্তা-কর্মচারীদের বিবরণ	
২০	নবায়নের সময়কাল	

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

পরিচালক/স্বত্বাধিকারী/অংশদারীগণের বিবরণ

নাম	ঠিকানা	জাতীয়তা	এজেন্সিতে

কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

নাম ও পদবী	জাতীয়তা	শিক্ষাগত যোগ্যতা	নিয়োগের তারিখ	অভিজ্ঞতা	পাসপোর্ট নম্বর